জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জঃপৌঃসঃ/প্রকৌ/২০২২-২৬/ ১৭৫ তারিখঃ 25/08/2022

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৭ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০১/০৯/২০২২ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৭ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা।
৩। লোডশেডিং এর বিষয়ে আলোচনা।
৪। বিবিধ

(মোঃ মতিয়ার রহমান বাবু)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৭
জয়পুরহাট পৌরসভা।
25/08/22

প্রাপক ঃ

..........................................................

..........................................................

## জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৬০ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।
ওয়ার্ড নং- ০৭

সভাপতি ঃ মোঃ মতিয়ার রহমান কাউন্সিলর, ওয়ার্ড নং-৭, জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ০১/০৯/২০২২ইং।

রোজ ঃ বৃহস্পতিবার।

সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।

অদ্য ০১/০৯/২০২২ইং তারিখ রোজঃ বৃহস্পতিবার, সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা পৌর মিলনায়তনে ৭নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ মতিয়ার রহমান কাউন্সিলর, ওয়ার্ড নং-০৭।

সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ**

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোছাঃ তাসনিয়া সুলতানা, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

**২ নং আলোচ্য সূচী ঃ**

জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা ঃ

কাউন্সিলর মহোদয় জলবায়ু পরিবর্তন বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ হল গ্রিন হাইজ ইফেক্ট। শক্তি উৎপাদনে জীবাশ্ম জ্বালানির পোড়ানোর ফলে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড ,নাইট্রোজেন,মিথেন,সহ নানা ধরনের ক্ষতিকারন গ্যাস বৃদ্ধি পায় এবং এ গ্যাসগুলো আমাদের বায়ুমন্ডলকে উত্তপ্ত করে চলছে। এই জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবথেকে ঝুকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। বাংলাদেশ একটি নদী বিধৌত ব-দ্বীপ। বাংলাদেশ আরও
নানাপ্রাকৃতিক সংকটের মুখোমুখি হয়। উষ্ণায়নের ফলে হিমালয়ের বরফ গলে সমুদ্র পৃষ্টের উচ্চতা বৃদ্ধি এবং প্রাণঘাতী দুর্যোগ ভূমিকম্প নদী ভাঙ্গনে জলাবদ্ধতা, পানি বৃদ্ধি, মাটির লবণাক্ততা প্রধান প্রাকৃতিক বিপর্যয় হিসেবে চিহ্নিত হয়েছে। আমরা জানি বাংলাদেশ ছয় ঋতুর দেশ কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে ছয় ঋতু বোঝার কোন উপায় নেই। আমরা দুইটা ঋতু বুঝতে পারি। এছাড়াও জলবায়ু পরিবর্তনের জন্য অসময়ে বন্যা, অসময়ে ক্ষরা দেখা যাচ্ছে। এতে আমাদের দেশে ফসলের ব্যাপক ক্ষয় ক্ষতি হচ্ছে । এই জলবায়ু পরিবর্তন
রোধ করার জন্য বেশী বেশী করে গাছ লাগাতে হবে।

সিদ্ধান্তঃ জলবায়ু পরিবর্তন এর জন্য সবাই বেশী বেশী করে গাছ লাগাবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ

লোড শেডিং বিষয়ে আলোচনা ঃ

কাউন্সিলর মহোদয় লোড শেডিং বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, লোড শেডিং বা বিদ্যুৎ বিভ্রাট আমাদের দেশে না সারা বিশ্বেই এখন এটা কমন সমস্যা। লোড শেডিং এর কারনে সব সেক্টরের ব্যপক সমস্যার মধ্যে পড়েছে। শিল্প কলকারখানা, ব্যবসা প্রতিষ্ঠান, অফিস আদালত সব ক্ষেত্রেই কার্যক্রম চালাতে ব্যপক সমস্যা হচ্ছে। সরকার প্রধান বলেন রাশিয়া ইউক্রেন যুদ্ধের প্রভাবে আন্তর্জাতিক বাজারে তেল, গ্যাসসহ বিদ্যুৎ তৈরীর উপকরনের দাম বেড়ে গেছে। সেই সঙ্গে পরিবহন ব্যবস্থায় সমস্যা তৈরী হয়েছে। বিশ্বের অনেক দেশেই বিদ্যুতের জন্য হাহাকার তৈরী হয়েছে। অনেক উন্নত দেশে দুর্ভিক্ষ পরিস্থিতি তৈরী হয়েছে জানিয়ে এমন পরিস্থিতিতে দেশবাসীকে মিতব্যয়ী ও সঞ্চয়মুখী হওয়ার আহ্বান রাখেন সরকারপ্রধান। এজন্য লোড শেডিং কমানোর জন্য সরকার বিভিন্ন রকম সিদ্ধান্ত গ্রহন করেছে যেমন, অফিস টাইম ৮.০০-৩.০০, ব্যংক ৯.০০-৩.০০ পর্যন্ত, শিক্ষা প্রতিষ্ঠান শুক্র- শনিবার বন্ধ থাকবে ইত্যাদি। জ্বালানী তেল,গ্যাস, কয়লার বাজার স্বাভাবিক হলে লোডশেডিং এর প্রভাব কমবে।

সিদ্ধান্তঃ সবাইকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ মতিয়ার রহমান বাবু)
সভাপতি WC কমিটি
ও ৭নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ 200(০৬)

তারিখ ঃ ০১/০৯/ 2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৭
৩। অফিস নথি।

(মোঃ মতিয়ার রহমান বাবু)
সভাপতি WC কমিটি
ও ৭নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

Boutiques & creation

# জয়পুরহাট।

## ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৭ - এর
## ৬০ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ মোঃ মতিয়ার রহমান বাবু, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০৭, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০১/০৯/২০২২ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | মোঃ মতিয়ার রহমান বাবু | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৭ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ৩ | মোঃ রেজাউল মন্ডল | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৪ | মোঃ তোজ্জাম্মেল হক | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৫ | মোঃ নবাব উদ্দিন | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৬ | মোঃ নুরুল ইসলাম | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৭ | মোছাঃ বিলকিছ | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৮ | মোছাঃ রোজিনা আখতার মুন্নি | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৯ | মোছাঃ শিরিন আখতার | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ১০ | তাসনিয়া সুলতানা | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |

জয়পুরহাট পৌরসভা